

এস.আর.ওনম্বর/আইন/.....।..... গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা নগর উন্নয়ন অধিদপ্তরের (গেজেটেড ও নন-গেজেটেড) কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য উল্লেখিত যোগ্যতা;

(চ) “শিক্ষানবীশ” অর্থ কোন পদে শিক্ষানবীশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) “সিজিপিএ” অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(জ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

(ঝ) “বিভাগীয় প্রার্থী” অর্থ ঐ সকল কর্মচারীকে বুঝাইবে যাহারা একই লাইনের এবং একই প্রতিষ্ঠানের চাকুরিতে কমপক্ষে দুই বছর স্থায়ী বা অস্থায়ীভাবে নিয়োজিত আছেন এবং বিজ্ঞাপিত পদে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য; তবে তাহাদের সরকারি চাকুরিতে প্রথম নিয়োগের সময় বয়সসীমা সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকিতে হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।- (১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবেঃ-

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে;





(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়।

৪। সরাসরি নিয়োগ।—

(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বর্হিভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

তবে শর্ত থাকে যে,

(ক) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি/নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে, তবে ২০ তম গ্রেডের কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে;

(খ) পরিচ্ছন্নতা কর্মী পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে। তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরন করা যাইবে;

এবং

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা ডমিসাইলড না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি-

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষ, অকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযথ এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি-

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—

(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোন পদ হইতে, ১০-১২ গ্রেডের কোন পদে এবং ১০-১২ গ্রেডের কোন পদ হইতে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের কোন পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত-সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।





(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে।
পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। শিক্ষানবিশি।—

(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশি মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোন শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে তঁাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন;

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোন শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তঁাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন। স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির চাকুরীতে যোগদানের তারিখ হইতে চাকুরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ-

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন;

(৪) কোন শিক্ষানবিশিকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষাও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স পঞ্চাশ বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশিকাল শেষ হইবার এক বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির শিক্ষানবিশি হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদে যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকুরি স্থায়ী হইবে।

৭। বিশেষ বিধান।— (১) তফসিলে উল্লেখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উক্ত কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) পরিচ্ছন্নতা কর্মী পদে কর্মরত কোন কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোন কারণে শূন্য হইলে উহার বিপরীতে “আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহন নীতিমালা, ২০১৮” অনুযায়ী সেবা গ্রহন করা যাইবে:

তবে শর্ত থাকে, এইরূপ ক্ষেত্রে বাংলাদেশের বিভিন্ন স্থানে সুইপার কলোনীতে বসবাসরত জাত হরিজন অথবা তাহাদের উত্তরাধীকারগণের মধ্য হইতে নিয়োগ প্রদান করিতে হইবে।

৮। রহিতকরণ ও হেফাজত।— (১) GAZETTED OFFICERS (URBAN DEVELOPMENT DIRECTORATE) RECRUITMENT RULES, 1974 এবং সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায়, THE NON GAZETTED

৪২

৪২

EMPLOYEES (URBAN DEVELOPMENT DIRECTORATE) RECRUITMENT RULES, 1984, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপে বিলুপ্ত হওয়া সত্ত্বেও-

(ক) বিলুপ্তির পূর্বে উক্ত Rules এর অধীন নিয়োগপ্রাপ্তদের নিয়োগ ও উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) বিলুপ্তির পরবর্তীতে-

(অ) এই বিধিমালার কার্যকারিতার তারিখ ইহার জারি তারিখের অন্তর্বর্তীকালীন সময়ে নিয়োগপ্রাপ্তগণের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ যদি থাকে, এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(আ) কোন কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত Rules এর অধীন নিষ্পন্ন করিতে হইবে।

তফসিল-১

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|--------------|----------------------------------------|-----------------------------------------|---------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | পরিচালক | ৪৫ (পঁয়তাল্লিশ) বৎসরের নীচে নয়। | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা) / উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়) পদে অনূ্যন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ সরকারি / আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ১ম (প্রথম) শ্রেণির পদে ১৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। অথবা প্রেষণের ক্ষেত্রে: অতিরিক্ত সচিব / সমমর্যাদার পদধারীগণের মধ্য হতে প্রেষণে নিয়োগ। |
| ২। | ক) উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা) | ৩৫ (পঁয়ত্রিশ) বৎসরের নীচে নয়। | পদোন্নতির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: জ্যেষ্ঠ পরিকল্পনাবিদ হিসাবে অনূ্যন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| | খ) উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়) | ৩৫ (পঁয়ত্রিশ) বৎসরের নীচে নয়। | পদোন্নতির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: জ্যেষ্ঠ পরিকল্পনাবিদ/ জ্যেষ্ঠ ভূগোলবিদ / নির্বাহী প্রকৌশলী/ জ্যেষ্ঠ সমাজবিজ্ঞানী / জ্যেষ্ঠ গবেষণা কর্মকর্তা / জ্যেষ্ঠ অর্থনীতিবিদ পদে অনূ্যন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩। | জ্যেষ্ঠ পরিকল্পনাবিদ | সর্বোচ্চ ৩৫ বছর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: পরিকল্পনাবিদ / সহকারী পরিকল্পনাবিদ পদে অনূ্যন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| | | | | |
|----|--------------------------|-----------------|------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| | | | <p>পদোন্নতি যোগ্য পদের ৮০% পদ পরিকল্পনাবিদগণের মধ্য হইতে এবং ২০% পদ সহকারী পরিকল্পনাবিদগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।</p> | <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবান প্ল্যানিং/ আরবান ডিজাইন / সিভিক ডিজাইন/ রিজিওনাল প্ল্যানিং/টাউন প্ল্যানিং/আরবান এন্ড রিজিওনাল অথবা রুরাল প্ল্যানিং বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সরকারি /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্ল্যানার হিসেবে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p> |
| ৪। | জ্যেষ্ঠ ভূগোলবিদ | সর্বোচ্চ ৩৫ বছর | <p>(ক) পদোন্নতির মাধ্যমে:</p> <p>(খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p> | <p>পদোন্নতির ক্ষেত্রে: ভূগোলবিদ পদে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ভূগোল/ভূগোল ও পরিবেশ/ ভূগোল ও পরিবেশ বিদ্যা/ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। এবং সরকারি /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ভূগোলবিদ হিসাবে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p> |
| ৫। | নির্বাহী প্রকৌশলী | সর্বোচ্চ ৩৫ বছর | <p>(ক) পদোন্নতির মাধ্যমে:</p> <p>(খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p> | <p>পদোন্নতির ক্ষেত্রে: সহকারী প্রকৌশলী পদে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পুর-কৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। এবং সরকারি /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী হিসেবে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p> |
| ৬। | জ্যেষ্ঠ সমাজবিজ্ঞানী | সর্বোচ্চ ৩৫ বছর | <p>(ক) পদোন্নতির মাধ্যমে:</p> <p>(খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p> | <p>পদোন্নতির ক্ষেত্রে: সমাজবিজ্ঞানী/ গবেষণা কর্মকর্তা পদে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। এবং খ) সরকারি /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সমাজবিজ্ঞানী/ গবেষণা কর্মকর্তা হিসেবে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p> |
| ৭। | জ্যেষ্ঠ গবেষণা কর্মকর্তা | সর্বোচ্চ ৩৫ বছর | <p>(ক) পদোন্নতির মাধ্যমে:</p> <p>(খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p> | <p>পদোন্নতির ক্ষেত্রে: গবেষণা কর্মকর্তা/ সমাজবিজ্ঞানী পদে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/পরিসংখ্যান/জনপ্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। এবং খ) সরকারি /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে</p> |

| | | | | |
|-----|------------------------|---------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| | | | | কোন গবেষণা কর্মকর্তা/ সমাজবিজ্ঞানী হিসেবে অনূন্য ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৮। | জ্যেষ্ঠ অর্থনীতিবিদ | সর্বোচ্চ ৩৫ বছর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: অর্থনীতিবিদ পদে অনূন্য ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। খ) সরকারি /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অর্থনীতিবিদ হিসেবে অনূন্য ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৯। | পরিকল্পনাবিদ | সর্বোচ্চ ৩০ বছর | ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: পরিকল্পনা সহকারী পদে অনূন্য ০৫(পাঁচ) /নক্সাকার মান-১ পদে অনূন্য ৭(সাত)বৎসরের/ গবেষণা সহকারী পদে অনূন্য ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ডেভেলপমেন্ট প্ল্যানিং/আরবান ডিজাইন/সিভিক ডিজাইন/রিজিওনাল প্ল্যানিং/টাউন প্ল্যানিং/আরবান এন্ড রিজিওনাল অথবা রুরাল প্ল্যানিং বিষয়ে ডিপ্লোমা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবান প্ল্যানিং/ আরবান ডিজাইন / সিভিক ডিজাইন/ রিজিওনাল প্ল্যানিং/টাউন প্ল্যানিং/আরবান এন্ড রিজিওনাল অথবা রুরাল প্ল্যানিং বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী।। |
| ১০। | সহকারী প্রকৌশলী | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) ৩৩ % পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৬৭ % পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে; জরিপ তদারককারী পদে অনূন্য ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পুর-কৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। |
| ১১। | সহকারী পরিকল্পনাবিদ | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: পরিকল্পনা সহকারী পদে অনূন্য ০৫(পাঁচ) /নক্সাকার মান-১ পদে অনূন্য ৭(সাত)বৎসরের/ গবেষণা সহকারী পদে অনূন্য ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ডেভেলপমেন্ট প্ল্যানিং/আরবান ডিজাইন/সিভিক ডিজাইন/রিজিওনাল প্ল্যানিং/টাউন প্ল্যানিং/আরবান এন্ড রিজিওনাল অথবা রুরাল প্ল্যানিং বিষয়ে ডিপ্লোমা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবান প্ল্যানিং/ আরবান ডিজাইন / সিভিক ডিজাইন/ রিজিওনাল |

| | | | | |
|-----|------------------------|---------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| | | | | কোন গবেষণা কর্মকর্তা/ সমাজবিজ্ঞানী হিসেবে অনূন্য ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৮। | জ্যেষ্ঠ অর্থনীতিবিদ | সর্বোচ্চ ৩৫ বছর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: অর্থনীতিবিদ পদে অনূন্য ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। খ) সরকারি /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অর্থনীতিবিদ হিসেবে অনূন্য ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৯। | পরিকল্পনাবিদ | সর্বোচ্চ ৩০ বছর | ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: পরিকল্পনা সহকারী পদে অনূন্য ০৫(পাঁচ) /নস্বাকার মান-১ পদে অনূন্য ৭(সাত)বৎসরের/ গবেষণা সহকারী পদে অনূন্য ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ডেভেলপমেন্ট প্ল্যানিং/আরবান ডিজাইন/সিভিক ডিজাইন/রিজিওনাল প্ল্যানিং/টাউন প্ল্যানিং/আরবান এন্ড রিজিওনাল অথবা রুরাল প্ল্যানিং বিষয়ে ডিপ্লোমা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবান প্ল্যানিং/ আরবান ডিজাইন / সিভিক ডিজাইন/ রিজিওনাল প্ল্যানিং/টাউন প্ল্যানিং/আরবান এন্ড রিজিওনাল অথবা রুরাল প্ল্যানিং বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী।। |
| ১০। | সহকারী প্রকৌশলী | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) ৩৩ % পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৬৭ % পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে; জরিপ তদারককারী পদে অনূন্য ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পুর-কৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। |
| ১১। | সহকারী পরিকল্পনাবিদ | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: পরিকল্পনা সহকারী পদে অনূন্য ০৫(পাঁচ) /নস্বাকার মান-১ পদে অনূন্য ৭(সাত)বৎসরের/ গবেষণা সহকারী পদে অনূন্য ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ডেভেলপমেন্ট প্ল্যানিং/আরবান ডিজাইন/সিভিক ডিজাইন/রিজিওনাল প্ল্যানিং/টাউন প্ল্যানিং/আরবান এন্ড রিজিওনাল অথবা রুরাল প্ল্যানিং বিষয়ে ডিপ্লোমা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আরবান প্ল্যানিং/ আরবান ডিজাইন / সিভিক ডিজাইন/ রিজিওনাল |

৫২
MR

৫৩

৫৪

| | | | | |
|-----|-----------------------|---------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| | | | | প্ল্যানিং/টাউন প্ল্যানিং/আরবান এন্ড রিজিওনাল অথবা রুরাল প্ল্যানিং বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। |
| ১২। | ভূগোলবিদ | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: গবেষণা সহকারী পদে অনূ্যন ১২(বার) বৎসরের / নক্সাকার মান-১, পদে অনূ্যন ০৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ ভূগোল বিষয় স্নাতক ডিগ্রী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ভূগোল/ভূগোল ও পরিবেশ/ ভূগোল ও পরিবেশ বিদ্যা/ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। |
| ১৩। | অর্থনীতিবিদ | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: গবেষণা সহকারী পদে অনূ্যন ১২(বার) বৎসরের/নক্সাকার মান-১, পদে অনূ্যন ০৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ অর্থনীতি বিষয়ে স্নাতক ডিগ্রী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। |
| ১৪। | সমাজবিজ্ঞানী | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: গবেষণা সহকারী পদে অনূ্যন ১২(বার) বৎসরের /নক্সাকার মান-১ পদে অনূ্যন ০৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ সমাজ বিজ্ঞান/সমাজ কল্যাণ বিষয়ে স্নাতক ডিগ্রী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজ বিজ্ঞান/সমাজ কল্যাণ বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। |
| ১৫। | গবেষণা কর্মকর্তা | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: পরিকল্পনা সহকারী/ প্রশাসনিক কর্মকর্তা পদে অনূ্যন ০৫(পাঁচ)বৎসরের/ গবেষণা সহকারী পদে অনূ্যন ১২(বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/পরিসংখ্যান/জনপ্রশাসন/ আরবান/রুরাল/রিজিওনাল প্ল্যানিং এ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। |
| ১৬। | হিসাব রক্ষণ কর্মকর্তা | অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর। | (ক) পদোন্নতির মাধ্যমে। (খ) যদি পদোন্নতির জন্য কোন উপযুক্ত প্রার্থী না পাওয়া যায় তবে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় হইতে প্রেষনে মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ হিসাব রক্ষক পদে ১৫(পনের) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের সিজিপিএসহ স্নাতক। (খ) প্রেষনের ক্ষেত্রেঃ বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় হইতে প্রেষনের মাধ্যমে। |

MR

| | | | | |
|-----|-----------------------------------|------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১৭। | পরিকল্পনা সহকারী | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: জরিপকারী পদে অন্যান্য ১২(বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন সিভিল ইনিয়ারিং/স্থাপত্য/সার্ভেয়িং এ দ্বিতীয় শ্রেণি বা সমমানের ডিগ্রী। |
| ১৮। | প্রশাসনিক কর্মকর্তা | ... | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: প্রধান সহকারী /সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যান্য ০৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। |
| ১৯। | নক্সাকার মান-১ | ... | ক) পদোন্নতির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ নক্সাকার মান-২ পদে ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২০। | নক্সাকার মান-২ | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রেঃ নক্সাকার মান-৩ পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড / স্বীকৃত প্রতিষ্ঠান হতে সিভিল/ স্থাপত্য/ বিল্ডিং ড্রাফটিং এর বিষয়ে সাটিফিকেট পাশ সহ সরকারি /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ২১। | নক্সাকার মান-৩ | অনুর্ধ্ব-৩০বৎসর | ক)৭৫% পদ পদোন্নতির মাধ্যমে: এবং খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ নক্সাকার মান-৪ পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান হইতে সিভিল/ স্থাপত্য/ বিল্ডিং ড্রাফটিং এর বিষয়ে সাটিফিকেট পাশ সহ সরকারি /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ২২। | প্রধান সহকারী | .. | পদোন্নতির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ উচ্চমান সহকারী পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২৩। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | .. | পদোন্নতির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে ০৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

২২/১১/১৯
২২/১১/১৯
২২/১১/১৯

| | | | | |
|-----|----------------------------------------------|---------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ২৪। | হিসাব রক্ষক | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রেঃ উচ্চমান সহকারী পদে অনূন্য ০৫ (পাঁচ)বৎসর এবং ক্যাশিয়ার পদে অনূন্য ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রী। |
| ২৫। | উচ্চমান সহকারী | .. | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রেঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ কম্পিউটার মুদ্রাক্ষরিক/ ভান্ডার সহকারী/ পদে অনূন্য ০৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬। | সহকারী হিসাব রক্ষক | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রেঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ কম্পিউটার মুদ্রাক্ষরিক/ ক্যাশিয়ার পদে অনূন্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সম-মানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭। | গবেষণা সহকারী | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৫০% তবে সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ নক্সাকার মান-৪ পদে অনূন্য ০৫ (পাঁচ)বৎসর গ্রন্থাগারিক / জরিপকারী পদে ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ অংক/ অর্থনীতি/ ভূগোল/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ পরিসংখ্যান এর যে কোন একটি বিষয় সহ কমপক্ষে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী। অথবা যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং/স্বাপত্য/সার্ভেয়িং এ ডিগ্রী। |
| ২৮। | জরিপ তদারককারী | .. | পদোন্নতির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ জরিপকারী হিসাবে কমপক্ষে ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২৯। | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং (গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩০। | ফটোকপি অপারেটর | অনুর্ধ্ব-৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ ফটোকপি অপারেটর (সাবেক ডুপ্লিকেটিং মেশিন অপারেটর)/ ফটোকপি অপারেটর (সাবেক ব্লু-প্রিন্টার) / ফটোকপি অপারেটর (সাবেক এ্যামোনিয়া প্রিন্টার) গণের মধ্য হতে ১২(বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩১। | নক্সাকার মান-৪ | .. | পদোন্নতির মাধ্যমে | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ অঙ্কনকারী পদে ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

MR

| | | | | |
|-----|----------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ৩২। | জরিপকারী | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: শিকল বাহক পদে অন্যান্য ১০(দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ যে কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে জরিপ বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ৩৩। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনুর্ধ্ব-৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ পযন্ত শিথিলযোগ্য | ক) মোট পদের শতকরা ৪০ (চল্লিশ) ভাগ পদ অনুমোদিত পদসমূহের সংখ্যার আনুপাতিক হারে ফটোকপি অপারেটর (সাবেক ডুপ্লিকেটিং মেশিন অপারেটর), ফটোকপি অপারেটর (সাবেক ব্লু-প্রিন্টার, ফটোকপি অপারেটর (সাবেক এ্যামোনিয়া প্রিন্টার) ও অফিস সহায়ক পদধারীগণের মধ্য হতে পদোন্নতির মাধ্যমে; তবে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) মোট পদের শতকরা ৬০ (ষাট) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: (ক) অধিদপ্তরে ফটোকপি অপারেটর (সাবেক ডুপ্লিকেটিং মেশিন অপারেটর), ফটোকপি অপারেটর (সাবেক ব্লু-প্রিন্টার, ফটোকপি অপারেটর (সাবেক এ্যামোনিয়া প্রিন্টার) পদে অন্যান্য ১০(দশ) বৎসর /অফিস সহায়ক পদে অন্যান্য ১২ (বারো) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। (খ) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি; এবং (ঘ) কম্পিউটার চালনায় দক্ষতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং (গ) তফসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪। | কম্পিউটার মুদ্রাক্ষরিক | | ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে: খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: ক) ফটোকপি অপারেটর (সাবেক ডুপ্লিকেটিং মেশিন অপারেটর)পদে অন্যান্য ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। /ফটোকপি অপারেটর (সাবেক-ব্লু-প্রিন্টার)/ দপ্তরী পদে অন্যান্য ৮(আট) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। (খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৪ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫। | গাড়ি চালক | অনুর্ধ্ব-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক) কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের ডিগ্রী। খ) ড্রাইভিং লাইসেন্স: |

MR

MR

MR

| | | | | |
|-----|---------------------------------------------------------------|---------------------|---------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| | | | | (অ) গ্রেড-১৬ এর ক্ষেত্রে: হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স; (আ) গ্রেড-১৫এর ক্ষেত্রে: ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স; গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এতদসংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী। |
| ৩৬। | গ্রন্থাগারিক | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) সরাসরি নিয়োগের মাধ্যমে: | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: লাইব্রেরী সাইন্স এ ডিপ্লোমা। |
| ৩৭। | ভান্ডার সহকারী | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: দপ্তরী পদে অনূ্যন ০৮(আট) বৎসরের/ অফিস সহায়ক পদে অনূ্যন ১০(দশ)বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক) কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের ডিগ্রী। (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮। | ক্যাশিয়ার | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রী। (খ) সরকারি বিধি মোতাবেক ক্যাশ সিকিউরিটি ও বন্ড প্রদান করতে হবে। |
| ৩৯। | অঙ্কনকারী | অনুর্ধ্ব-৩০ বৎসর | ক) সরাসরি নিয়োগের মাধ্যমে: | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রীসহ সুন্দর হাতের লেখা ও ড্রেসিং/ড্রাফটিং এ অভিজ্ঞ অথবা বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড বা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ড্রাফটিং বিষয়ে সার্টিফিকেটসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪০। | ফটোকপি অপারেটর (সাবেক- ডুপ্লিকেটিং মেশিন অপারেটর) | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: অফিস সহায়ক পদে অনূ্যন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ ফটোকপি মেশিন চালনায় অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪১। | ফটোকপি অপারেটর (সাবেক-স্ক্রু-প্রিন্টার) | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: অফিস সহায়ক/খালাসি পদে অনূ্যন ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ ফটোকপি মেশিন চালনায় অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪২। | দপ্তরী | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: | পদোন্নতির ক্ষেত্রে: অফিস সহায়ক/খালাসী পদে ০৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

MR

MR

MR

| | | | | |
|-----|----------------------------------------------|------------------|------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| | | | (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৩। | ক্যাশ সরকার | অনুর্ধ্ব-৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে: (খ) তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রেঃ অফিস সহায়ক পদে ০৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৪। | ফটোকপি অপারেটর (সাবেক এ্যামোনিয়া প্রিন্টার) | অনুর্ধ্ব-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫। | শিকলবাহক | অনুর্ধ্ব-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৬। | খালাসী | অনুর্ধ্ব-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৭। | অফিস সহায়ক | অনুর্ধ্ব-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৮। | নিরাপত্তা প্রহরী | অনুর্ধ্ব-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৪৯। | পরিচ্ছন্নতা কর্মী | অনুর্ধ্ব-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। |

২

২৩
২৩
২৩
২৩

২৩

তফসিল-২

সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, স্টোর সহকারী, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক, ফটোস্ট্যাট অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

| ক্রঃ নম্বর | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|------------|-----------------------|-----------|---------------------|---------|
| | (ক) লিখিত পরীক্ষা | ২০০ | ৫০% | ৩ ঘন্টা |
| ১। | বাংলা | ৭৫ | | |
| ২। | ইংরেজি | ৭৫ | | |
| ৩। | গণিত | ২৫ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২৫ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ২৫ | | |
| | সর্বমোট | ২২৫ | | |

ব্যাখ্যাঃ (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে।

(২) কম্পিউটারে Word processing এর অভিজ্ঞতা থাকতে হবে।

তফসিল-৩

সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষরিক পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি

| পদের নাম | ইংরেজি সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলা সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বেধে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|-----------------------------------------|-------------------------------------|------------------------------------|----------------------------|---------------------------|--------------------------------|---------------|----------------------|---------------------|
| সাঁটলিপি | | | | | | | | |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |

ব্যাখ্যাঃ (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলে গণ্য হবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি শ্বেদিক একটি শব্দ হিসাবে গণ্য হবে।

(৪) সর্বনিম্ন গতিতে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হবে।

(৫) প্রার্থীর অর্জিত গতি নম্বরে গণনার পদ্ধতিঃ প্রার্থীর প্রাপ্ত নম্বর = $\frac{\text{সর্বনিম্নপাসনম্বর}}{\text{সর্বনিম্নগতি}} \times \text{প্রার্থীর অর্জিতগতি}$

উদাহরণঃ জনাব কামাল সাঁটলিপি পরীক্ষায় প্রতি মিনিটে ইংরেজি ৯০ শব্দ ও বাংলা ৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় ৪০ শব্দ ও বাংলা ৩৫ শব্দ গতি অর্জন করেছে। তবে তাঁর নম্বর হবে নিম্নরূপঃ



$$\text{সাঁটলিপির ক্ষেত্রেঃ ইংরেজি} = \frac{80}{100} [90 = 85 \text{ ও বাংলা} = \frac{80}{100} [90 = 56$$

$$\text{কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রেঃ ইংরেজি} = \frac{20}{100} [80 = 26.67 \text{ ও বাংলা} = \frac{20}{100} [95 = 28$$

(৬) উল্লিখিত ব্যবহারিক পরীক্ষার নম্বর ফর্দের নমুনাঃ

| প্রার্থীর নাম | | | | | | | মন্তব্য |
|---------------|--------|-------|------|--------|-------|-------|------------|
| | ইংরেজি | বাংলা | গড় | ইংরেজি | বাংলা | গড় | |
| কামাল | 85 | 56 | 50.5 | 26.67 | 28 | 29.33 | উত্তীর্ণ |
| রহিম | 38 | 62 | 50 | 26 | 25 | 25.5 | অনুত্তীর্ণ |

নোটঃ কামাল সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষরে পৃথক পৃথক ভাবে পাস করেছে আবার গড়েও পাস করেছে বিদায় ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। কিন্তু রহিম সাঁটলিপির ইংরেজিতে ন্যূনতম পাস নম্বর (80) পায়নি বিধায় ব্যবহারিক পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছে।

তফসিল-৪

অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি

| পদের নাম | ইংরেজি সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলা সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বেষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|-----------------------------------------------------|----------------------------------------------|---------------------------------------------|----------------------------------|---------------------------------|-------------------------------------------|------------------|----------------------------|---------------------------|
| সাঁটলিপি | | | | | | | | |
| অফিস সহকারী- কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | 20 শব্দ | 20 শব্দ | 50 | 50 | 80% | 50% | 10 মিনিট | 10 মিনিট |
| মুদ্রাক্ষরিক | 20 শব্দ | 20 শব্দ | 50 | 50 | 80% | 50% | 10 মিনিট | 10 মিনিট |

ব্যাখ্যাঃ (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ টি স্টোক একটি শব্দ হিসেবে গণ্য হবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলে গণ্য হবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (80%) হিসেবে গণ্য করা হবে।

(৪) প্রার্থীর অর্জিত গতি নম্বরে গণনার পদ্ধতি: $\frac{\text{সর্বনিম্নপাসনম্বর}}{\text{সর্বনিম্নগতি}} \times \text{প্রার্থীর অর্জিতগতি}$

উদাহরণঃ জনাব জামাল কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় ইংরেজি 30 শব্দ ও বাংলা 26 শব্দ গতি অর্জন করেছেন। তাহলে তাঁর নম্বর হবে নিম্নরূপঃ

$$\text{কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রেঃ ইংরেজি} = \frac{20}{100} [30 = 30 \text{ ও বাংলা} = \frac{20}{100} [26 = 26$$

৫/৫

৫/৫

৫/৫

(৫) উল্লিখিত ব্যবহারিক পরীক্ষায় নম্বর ফর্দের নমুনাঃ

| প্রার্থীর নাম | কম্পিউটার মুদ্রাক্ষর | | | মন্তব্য |
|---------------|----------------------|-------|-----|------------|
| | ইংরেজি | বাংলা | গড় | |
| জামাল | ৩০ | ২৬ | ২৮ | উত্তীর্ণ |
| করিম | ৩২ | ১৮ | ২৫ | অনুত্তীর্ণ |

নোটঃ জামাল কম্পিউটার মুদ্রাক্ষরে পৃথক পৃথক ভাবে পাস করেছে আবার গড়েও পাস করেছে বিদায় ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। কিন্তু করিম কম্পিউটার মুদ্রাক্ষরের বাংলা ন্যূনতম পাস নম্বর (২০) পায়নি বিধায় ব্যবহারিক পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছে।


তফসিল-৫


ফটোকপি অপারেটর (সাবেক ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ব্লু-প্রিন্টার, এ্যামোনিয়া প্রিন্টার), দপ্তরী, অফিস সহায়ক, খালাসী, শিকলবাহক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

| ক্রঃ নম্বর | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|------------|-----------------------|-----------|---------------------|---------|
| | (ক) লিখিত পরীক্ষা | ৪০ | ৫০% | ১ ঘন্টা |
| ১। | বাংলা | ১০ | | |
| ২। | ইংরেজি | ১০ | | |
| ৩। | গণিত | ১০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ১০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোট | ১০ | | |


রাষ্ট্রপতির আদেশক্রমে,


সচিব।


৩২.০৭.২২
মোহাম্মদ নূরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
সমাজবিজ্ঞানী
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।


৩২/০৭/২০২২

শহিদুল উদ্দিন জাহাঙ্গীর
অর্থনীতিবিদ
নগর উন্নয়ন অধিদপ্তর
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।


৩২.০৭.২২
মোহাম্মদ মোখলেসুর রহমান
জুগোলবিদ,
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


৩২/০৭/২২
(Md. Ahshadur Rahman)
Assistant Planner
Urban Development Directorate
82, Segunbagicha, Dhaka-1000
৩২.০৭.২২

মোঃ জাহাঙ্গীর আলি
সিনিয়র জিও গ্রাফার
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।